

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা
www.bfid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৫-

তারিখ: ১২ মার্চ ২০১৫

প্রজ্ঞাপন

সোনালী ব্যাংক লিমিটেড এর ইন্ডিয়া অপারেশন্সের চীফ এক্সিকিউটিভ অফিসার জনাব এম. সরোয়ার হোসেন-কে যুক্তরাজ্যস্থ সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড এর চীফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) পদে যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নিয়োগ প্রদান করা হলো:

- (ক) তিনি লিয়েনে নিয়োগ প্রাপ্ত বলে বিবেচিত হবেন;
- (খ) তিনি সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড কর্তৃক নির্ধারিত হারে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন;
- (গ) তিনি পাঁচ বছরের জন্য নিয়োগ প্রাপ্ত হবেন;
- (ঘ) তার নিয়োগের প্রাথমিক তিনমাস প্রবেশনকাল হিসেবে বিবেচিত হবে। তবে, উক্ত প্রবেশনকাল এবং Prudential Regulatory Authority (PRA) এবং Financial Conduct Authority (FCA) এর অনুমোদন যা পূর্বে সম্পন্ন/পাওয়া যাবে তখন থেকে প্রবেশনকাল সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে।
- (ঙ) প্রবেশনকালীন তিন মাসের মধ্যে তাকে কর্মস্থলে অন দ্যা জব প্রশিক্ষণ/অন্যান্য প্রশিক্ষণ গ্রহণ করে PRA এবং FCA এর অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদন লাভে ব্যর্থতায় তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (চ) PRA এবং FCA এর অনুমোদন না পাওয়া পর্যন্ত বর্তমান সিইও জনাব মো: আতাউর রহমান প্রধান দায়িত্বভার অব্যাহত রাখবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/-
(মো: মতিয়ার রহমান)
উপ-সচিব
ফোন: ৯৫৫৪৯৪০

নং-৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৫-১৪৪

তারিখ: ১২ মার্চ ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সিইও, সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড, প্রধান কার্যালয়, লন্ডন, যুক্তরাজ্য।
- ৬। জনাব এম. সরোয়ার হোসেন, সিইও, সোনালী ব্যাংক লিমিটেড এর ইন্ডিয়া অপারেশন্স, কোলকাতা, ইন্ডিয়া।
- ৭। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইটি শাখা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মো: মতিয়ার রহমান)
উপ-সচিব